গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নং- ১১৩১ - ৬/৩ তারিখঃ ০৫/০৬/২০১৮

আদেশ

জনাব খোকন চন্দ্র রায়, উপজেলা সমবায় কর্মকর্তা, সাভার, ঢাকাকে ভারতের তীর্থ স্থান দর্শনের উদ্দেশ্যে আগামী ০৮/০৬/২০১৮ হতে ১৯/০৬/২০১৮ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ থেকে ১২ (বার) দিন পূর্ণ গড় বেতনে বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরসহ নিম্ন বর্ণিত শর্তে ভারত ভ্রমণের অনুমতি প্রদান করা হল।

ক) উক্ত ছুটি ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) বি(২) ধারা মোতাবেক পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি হিসেবে গণ্য হবে ;
খ) এই ভ্রমণে সরকারের কোন আর্থিক সংশ্লষ নেই ;
গ) বহিঃ বাংলাদেশ ছুটিকালীন সময় তিনি দেশীয় মুদ্রায় বেতন ভাতাদি পাবেন ;
ঘ) কোন ক্রমেই ছুটির মেয়াদ বর্ধিত করা যাবে না ;
ঙ) ছুটি ভোগের পর সংশ্লিষ্ট কার্যালয়ে যোগদান করে অত্র কার্যালয়ে অনুলিপি দাখিল করতে হবে।

নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

স্বাক্ষরিত/-মোঃ আহসান কবীর
অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক সংখ্যা-৫২/০৪পি- ১১৩১/১(১১) - ৬/৩ তারিখঃ ০৫/০৬/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। হাইকমিশনার, ভারতীয় হাইকমিশন, বাড়ী নং-২, সড়ক নং-১৪, গুলশান-১, ঢাকা-১২১২।
৩। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা।
৪। উপ-নিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
৫। জেলা সমবায় কর্মকর্তা, ঢাকা।
৬। উপজেলা সমবায় কর্মকর্তা, সাভার, ঢাকা।
৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাভার, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহির্গমন), হযরত শাহজালাল (রঃ), আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৯। অফিসার ইনচার্জ, বেনাপোল ইমিগ্রেশন চেকপোস্ট, বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর।
১০। জনাব খোকন চন্দ্র রায়, উপজেলা সমবায় কর্মকর্তা, সাভার, ঢাকা।
১১। ব্যক্তিগত নথি।

০৫/০৬/১৮
(মুহাম্মাদ গালীব খান)
উপ-নিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

G:\Nizam vai\Leav\Ex-Bangladesh Leave.doc